গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা
www.sid.gov.bd

**বিষয়:** তথ্য অধিকার আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধিবিধান সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক স্টেকহোল্ডার সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মিজ আলেয়া আক্তার<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| তারিখ ও সময় | : | ১৭ মার্চ ২০২৫, সোমবার, ১১:০০ টা |
| সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি, লেভেল-১০), পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অত:পর তিনি যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) ড. দিপংকর রায়-কে আলোচ্যসূচি অনুযায়ী সভা সঞ্চালনের জন্য আহবান জানান। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) বলেন যে, ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)'র আওতাধীন কার্যক্রম অনুযায়ী বছরে ৩টি স্টেকহোল্ডার সভা আয়োজন করার নির্দেশনা রয়েছে। অত:পর তিনি সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান।

০২. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ তাঁর বক্তব্যে তথ্য, তথ্য অধিকার, তথ্য অধিকার আইন এবং তথ্য প্রবাহের প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি উপস্থিত সকলকে তথ্য অধিকার আইন, ২০০৯ মোতাবেক তথ্য প্রদানের ক্ষেত্রে আন্তরিক হওয়ার জন্যও অনুরোধ করেন। সভাপতি আরও বলেন যে, তথ্য একটি প্রবাহমান ঘটনা, যা প্রতিনিয়ত পরিবর্তন হয়। তথ্য সবার জন্য প্রয়োজন, সুতরাং তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করতে হবে। তিনি উপস্থিত সকলকে তাদের মতামত প্রদানের মাধ্যমে সভাকে ফলপ্রসু করার অনুরোধ জানান।

০৩. যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) বলেন যে, "তথ্য চাইলে জনগণ, দিতে বাধ্য প্রশাসন"-এই প্রতিপাদ্যকে সামনে রেখে তথ্য অধিকার আইন, ২০০৯ করা হয়। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জাতীয় পরিসংখ্যান সংস্থা (National Statistics Office-NSO)। গণমাধ্যম হলো রাষ্ট্রের ৫ম স্তম্ভ। গণমাধ্যম জনগণের অধিকার আদায়ে সদা সচেষ্ট। বক্তব্য শেষে তিনি সম্মানিত সদস্যবৃন্দকে আলোচনায় অংশগ্রহণপূর্বক মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

**৪.০ আলোচনা:**

৪.১ জনাব সালেহ উদ্দিন আহমেদ, উপপরিচালক, তথ্য কমিশন বাংলাদেশ বলেন যে , তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে প্রতিটি অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নাগরিকের আবেদনের ভিত্তিতে তথ্য প্রদান করে থাকেন। প্রতিটি আবেদনের তথ্য সঠিক সময়ে (২০ (বিশ) কার্যদিবস বা অন্য ইউনিট তথ্য প্রদানের সাথে যুক্ত থাকলে ৩০ (ত্রিশ) কার্যদিবস বা কোন ব্যক্তির জীবন-মৃত্যু, গ্রেফতার এবং কারাগার হতে মুক্তি সম্পর্কিত হলে ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে বা তথ্য প্রদানে অপারগ হলে ১০ (দশ) কার্যদিবসে যথাযথ নিয়মে জানিয়ে দেওয়া) প্রদান করার বিষয়ে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে বাধ্যবাধকতা রয়েছে। এক্ষেত্রে কোন তথ্য উক্ত আইন অনুযায়ী প্রদান করা সম্ভব না হলে বিষয়টি আবেদনকারীকে যথানিয়মে জানানো হলে এক্ষেত্রে তথ্য প্রদান করা হয়েছে মর্মে বিবেচনা করা হবে।

৪.২ জনাব মোঃ রফিকুল ইসলাম, পরিচালক (ভারপ্রাপ্ত) বলেন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক প্রতিমাসে মূল্যস্ফীতির হার যথাসময়ে প্রকাশ করা হচ্ছে। মূল্যস্ফীতির হারের সাথে অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি যথাসময়ে প্রকাশ করা হচ্ছে, এতে জনগণ উপকৃত হচ্ছে বলে মত প্রকাশ করেন।

৪.৩ জনাব সালেহ উদ্দিন আহমেদ, উপপরিচালক, তথ্য কমিশন, বাংলাদেশ জানতে চান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো হতে মাসিক মূল্যস্ফীতির হার প্রকাশের কার্যক্রমটি *তথ্য অধিকার আইন,* ২০০৯ অনুযায়ী বাধ্যতামূলক নাকি স্বপ্রণোদিত কাজ? জবাবে যুগ্মসচিব (উন্নয়ন) জনাব মোঃ মীর হোসেন বলেন যে, মাসিক মূল্যস্ফীতির হার প্রকাশের কার্যক্রমটি বিবিএস-এর একটি নিয়মিত এবং স্বপ্রণোদিত কার্যক্রম।

অপর পাতায় সদয় দ্রষ্টব্য

CamScanner

৪.৪ অতঃপর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন প্রকল্পের তথ্য প্রাপ্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত কয়েকজন প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্প সংশ্লিষ্ট তথ্যাদি চেয়ে তথ্য অধিকার আইন, ২০০৯ মোতাবেক আবেদন করা হলে বিধিমতে তথ্য প্রদান করা হয়ে থাকে।

০৫. সিদ্ধান্ত:

৫.১ তথ্য অধিকার আইন, ২০০৯ মোতাবেক আবেদনকারীকে বিধিবিধান অনুসরণপূর্বক যথাসময়ে তথ্য প্রদান করতে হবে;

৫.২ তথ্য অধিকার আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধিবিধান সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক স্টেকহোল্ডার সভা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;

৫.৩ তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ওয়েব-সাইট হালনাগাদ করতে হবে।

০৬. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আলেয়া আক্তার
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নম্বর: ৫২.০০.০০০০.০১৮.১৬.০১৪.২৪.২৬

তারিখ: ২৫/০৩/২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
০২. অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
০৩. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
০৪-০৯ যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১০. উপমহাপরিচালক (যুগ্মসচিব), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
১১-২৩ উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২৪-৩৩ পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৩৪. যুগ্মপরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৩৫. সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৩৬. উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, ঢাকা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৩৭. প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):
১. উপসচিব (প্রশাসন-৩), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৪. অফিস কপি

২৫.৩.২০২৫

মো: মাহাবুর রহমান শেখ
উপসচিব
ফোন: ৫৫০০৭০৮৬
ই-মেইল: info1@sid.gov.bd

CamScanner